দৈনিক ইত্তেফাক

তারিখ 08 MAR 2016
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।
ফোন: ৯২৯১০১৬
ফ্যাক্স: ৯২৯১০৩৭

সূত্র নং-০১ (৩৫৯) জাতী: বিঃ/প্রশাঃ/৯৬(১)/১/২১৫১ তারিখ: ০৭-০৩-২০১৬

# প্রথম সমাবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের সম্মানিত গ্র্যাজুয়েটদের অবহিত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় চ্যান্সেলর-এর সম্মতিসাপেক্ষে নভেম্বর ২০১৬-এ অনুষ্ঠিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটস যারা এ বিশ্ববিদ্যালয়ের অধীনে সফলভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করার পর বিশ্ববিদ্যালয় পরিচালিত নিম্নবর্ণিত পরীক্ষাসমূহে উত্তীর্ণ হয়েছেন তারা এ সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন।

(১) ১৯৯৮ থেকে ২০১২ সালের ডিগ্রী পাস পরীক্ষা।
(২) ২০০০ থেকে ২০১২ সালের অনার্স ফাইনাল পরীক্ষা।
(৩) ২০০০ থেকে ২০১১ সালের মাস্টার্স ফাইনাল পরীক্ষা।
(৪) ২০০৭ থেকে ২০১২ সালের বিবিএ।
(৫) ২০০৩ থেকে ২০১২ সালের এমবিএ।
(৬) ২০০৭ থেকে ২০১৩ সালের বিএড (অনার্স)
(৭) ২০০৬ থেকে ২০১২ সালের এমএড।
(৮) ২০০৮ থেকে ২০১২ সালের বিএসসি অনার্স ইন কম্পিউটার সায়েন্স (সিএসই)
(৯) ২০০৭ থেকে ২০১২ সালের বিএফএ (অনার্স)
(১০) ২০০৯ থেকে ২০১২ সালের বিএফএ (পাস)
(১১) ২০১০ থেকে ২০১১ সালের ইসিই
(১২) ২০০৩ থেকে ২০১২ সালের এলএলবি (ফাইনাল)
(১৩) ২০০৩ থেকে ২০১০ সালের এমএসসি ইন সিএসই

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত ইনস্টিটিউটসমূহ থেকে এম ফিল/এম এস ডিগ্রী প্রাপ্তরাও সমাবর্তনে অংশগ্রহণের লক্ষ্যে রেজিস্ট্রেশন করতে পারবেন।

সমাবর্তনে অংশগ্রহণকারীদের চূড়ান্ত তালিকা এবং কোন ভেন্যুতে আসন গ্রহণ করবেন তা যথাসময়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd)-এ প্রকাশ করা হবে।

উপর্যুক্ত পরীক্ষাসমূহের গ্র্যাজুয়েটদের মধ্যে যারা সমাবর্তনে অংশগ্রহণ করতে আগ্রহী, তারা অনলাইনে www.convocation.nu.edu.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ০৮-০৬-২০১৬ তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। সমাবর্তন রেজিস্ট্রেশন ফিস ২,৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা এবং সনদ প্রতি ফিস ৫০০ (পাঁচশত) টাকা অনলাইনে সোনালী সেবা, ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এবং ক্রেডিট/ডেবিট কার্ড (Mastercard, Visa, Nexus) এর মাধ্যমে প্রদান করতে হবে। অনলাইন ব্যতীত অন্য কোনোভাবেই সমাবর্তনের রেজিস্ট্রেশন ফিস গ্রহণ করা হবে না।

সমাবর্তনের সুনির্দিষ্ট তারিখ, সময়, ভেন্যুসমূহ এবং অনুষ্ঠানসূচী যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

ভাইস-চ্যান্সেলর এর নির্দেশক্রমে,
07.03.16
(মোল্লা মাহফুজ আল হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স-৬৮৬ (৬×৩)